

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ  
সমন্বয় ও সংস্কার অধিশাখা  
[www.sid.gov.bd](http://www.sid.gov.bd)

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের নভেম্বর ২০২৩ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	: ড. শাহনাজ আরাফিন এনডিসি সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
তারিখ	: ১৫ নভেম্বর ২০২৩ (৩০ কার্তিক ১৪৩০)
সময়	: বেলা ২:০০ টা
স্থান	: পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলনকক্ষ (ব্লক-বি)
উপস্থিতি	: সংযোজনী- “ক”।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তাঁর অনুমতিক্রমে সমন্বয় ও সংস্কার অধিশাখার উপসচিব সালমা পারভীন আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপন করেন। অতঃপর সভায় আলোচ্যসূচি নিয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

ক্র.নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	অক্টোবর ২০২৩ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী অনুমোদন ও দৃঢ়ীকরণ: অক্টোবর ২০২৩ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী সংশ্লিষ্টদের নিকট যথাসময়ে প্রেরণ করা হয়। সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরিত কার্যবিবরণীর বিষয়ে কারো কোন মতামত/সংশোধন আছে কিনা, তদ্বিষয়ক আলোচনা হয়।	অক্টোবর ২০২৩ মাসের সমন্বয় সভার কার্যবিবরণীর বিষয়ে কোন মতামত/সংশোধনী না থাকায় তা চূড়ান্ত অনুমোদন ও দৃঢ়ীকরণ (Confirmed) করা হয়।	সকল কর্মকর্তা পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
২.	ত্রৈমাসিক কর্মপরিকল্পনা বিষয়ে আলোচনা: পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ৪ (চার)টি উইংয়ের ত্রৈমাসিক কর্মপরিকল্পনা যুগ্মসচিব (প্রশাসন), যুগ্মসচিব (বাজেট, আর্থিক ব্যবস্থাপনা ও অডিট এবং আইসিটি), যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা) এবং যুগ্মসচিব (উন্নয়ন ও পরিকল্পনা) কর্তৃক উপস্থাপিত হয় এবং এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় সংশ্লিষ্ট কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন এবং সভাপতি মহোদয় প্রয়োজনীয় নির্দেশনাসহ নির্দিষ্ট সময়ে দক্ষতার সাথে কার্যক্রম সম্পন্ন করাসহ সিদ্ধান্ত গ্রহণের পক্ষে মতামত প্রদান করেন।	প্রশাসন অনুবিভাগ:  (১) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের NSDS অনুযায়ী বিবিএস এর অর্গানোগ্রাম হালনাগাদকরণের নিমিত্ত আগামী মাসের মধ্যে বিধি মোতাবেক Consultant নিয়োগ করতে হবে।  (২) বিবিএস এর বদলীকৃত কর্মকর্তাদের পদায়িত কর্মস্থলে যোগদানের পৃষ্ঠাঙ্কনের কপি বিভাগীয় যুগ্মপরিচালক হতে সংগ্রহ করে সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ-কে অবহিত করতে হবে।  (৩) খসড়া নিয়োগবিধিতে হিসাবরক্ষণ কর্মকর্তা পদ অন্তর্ভুক্ত করে বিবিএস হতে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে ০১ (এক) সপ্তাহের মধ্যে প্রস্তাব প্রেরণ করতে হবে।	মহাপরিচালক বিবিএস ও যুগ্মসচিব (প্রশাসন)

✓

২১

		<p>(৪) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র ৩য় ও ৪র্থ শ্রেণির শূন্য পদসমূহ কর্মপরিকল্পনা মোতাবেক কর্মচারী নিয়োগের অগ্রগতি পরবর্তী সমন্বয় সভায় অবহিত করতে হবে।</p> <p>(৫) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর বাংলাদেশ ইনস্টিটিউট অব স্ট্যাটিস্টিকস অ্যান্ড রিসার্চ (BISR) এর অর্গানোগ্রাম পূরণয়ন ও BISR স্থাপনের লক্ষ্যে ভবন ভাড়া করা অথবা এ বিষয়ে বিকল্প প্রস্তাবসহ অর্থনৈতিক বিশ্লেষণ বিষয়ক ওয়ার্কিং কমিটি কর্তৃক প্রস্তুতকৃত পূর্ণাঙ্গ রিপোর্ট আগামী ০১ (এক) সপ্তাহের মধ্যে সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এর নিকট উপস্থাপন করতে হবে।</p> <p>(৬) ৪০তম বিসিএস থেকে সুপারিশকৃত ১০ জন পরিসংখ্যান কর্মকর্তা (নন-ক্যাডার) এর যোগদান সংক্রান্ত আনুষ্ঠানিকতা সম্পন্ন করতে হবে।</p>	
		<p>বাজেট, আর্থিক ব্যবস্থাপনা ও অডিট এবং আইসিটি অনুবিভাগ:</p> <p>(১) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বিবিএস এর অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p> <p>(২) PMIS বিষয়ে প্রশিক্ষণ ২৭ নভেম্বরের মধ্যে শুরু করতে হবে।</p> <p>(৩) সকল অধিশাখা/শাখা/সেলের ই-নথির কার্যক্রম আরো বৃদ্ধি করতে হবে।</p>	<p>মহাপরিচালক বিবিএস ও যুগ্মসচিব (বাজেট, আর্থিক ব্যবস্থাপনা ও অডিট এবং আইসিটি)</p>
		<p>তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ:</p> <p>(১) BGISP-এর সভা নভেম্বর ২০২৩ মাসে আহ্বান করতে হবে।</p> <p>(২) বিগত NACS-এর সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন ত্বরান্বিত করতে হবে এবং পরবর্তী সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p>	<p>যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা)</p>

২

৫

		<p><b>উন্নয়ন ও পরিকল্পনা অনুবিভাগ:</b></p> <p>(১) শ্রমশক্তি জরিপের আওতায় ২০২৩ সালের ৪র্থ ত্রৈমাসিকের (০১ অক্টোবর-৩১ ডিসেম্বর/২০২৩) তথ্য সংগ্রহ কার্যক্রম চলমান রাখতে হবে। এক্ষেত্রে তথ্যের গুণগত মান নিশ্চিত করতে হবে।</p> <p>(২) প্রকল্প স্টিয়ারিং কমিটি (PSC) এবং প্রকল্পের আওতায় মাঠ পর্যায়ে কার্যক্রম মনিটরিং জোরদার করতে হবে।</p>	<p>মহাপরিচালক, বিবিএস ও যুগ্মসচিব (উন্নয়ন ও পরিকল্পনা)</p>
৩.	<p><b>Sustainable Development Goals (SDG):</b></p> <p>এসডিজির ত্রৈমাসিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক আলোচনা।</p>	<p>এসডিজি ট্র্যাকার বিষয়ে ডিসেম্বর/২০২৩ মাসে অনুষ্ঠেয় প্রশিক্ষণ কর্মশালার সাথে প্রকল্পের ইনসেপশন আয়োজন করতে হবে।</p>	<p>উপসচিব, এসডিজি সেল</p>
৪.	<p><b>Integreted Annual Performance Agreement (IAPA):</b></p> <p>পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের এপিএ ২০২৩-২৪ বিষয়ে আলোচনা।</p>	<p>পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের এপিএ ২০২৩-২৪ এর সূচকসমূহ অর্জনের নিমিত্ত সকলকে আন্তরিকভাবে কাজ করতে হবে।</p>	<p>উপসচিব সমন্বয় ও সংস্কার অধিশাখা</p>
৫	<p><b>ওয়েবসাইট হালনাগাদকরণ:</b></p> <p>পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এবং মাঠ পর্যায়ের অফিসসমূহের ওয়েবসাইট হালনাগাদকরণ বিষয়ক আলোচনা।</p>	<p>NSDS এর অলোকে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ওয়েবসাইট হালনাগাদকরণের নিমিত্ত যুগ্মসচিব (বাজেট, আর্থিক ব্যবস্থাপনা ও অডিট এবং আইসিটি)-এর সভাপতিত্বে একটি কমিটি গঠন করতে হবে।</p>	<p>মহাপরিচালক বিবিএস ও যুগ্মসচিব (বাজেট, আর্থিক ব্যবস্থাপনা ও অডিট এবং আইসিটি)</p>
৬.	<p><b>ডিজিটাল হাজিরা:</b></p> <p>পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের কর্মকর্তা/কর্মচারীদের ডিজিটাল হাজিরার তালিকা উপস্থাপন করা হয়।</p>	<p>সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী অফিসে আগমন ও প্রস্থানের প্রাক্কালে এ বিভাগের কর্মকর্তা/কর্মচারীগণকে আবশ্যিকভাবে ডিজিটাল হাজিরার কাজ সম্পন্ন করতে হবে।</p>	<p>যুগ্মসচিব (প্রশাসন), সিস্টেম অ্যানালিস্ট,  সকল কর্মকর্তা/কর্মচারী  পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ</p>
৭.	<p><b>ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়ন:</b></p> <p>পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সকল অধিশাখা/শাখার আওতাভুক্ত যাবতীয় কার্যক্রম ই-নথির মাধ্যমে নিষ্পন্ন করা এবং হার্ড ফাইলে নোট নিষ্পত্তির সংখ্যা কমিয়ে আনা।</p>	<p>ই-নথির কার্যক্রমসহ হার্ডফাইলে নোট নিষ্পত্তির তথ্য প্রোগ্রামার (আইসিটি) কর্তৃক সংগ্রহপূর্বক সংশ্লিষ্ট মাসের শেষ কর্মদিবসে সমন্বয় ও সংস্কার অধিশাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে।</p>	<p>যুগ্মসচিব (প্রশাসন),  সকল অধিশাখা/শাখা/ সেল-এর কর্মকর্তা এবং প্রোগ্রামার (আইসিটি)</p>

✓

✓

			পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
৮.	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ অধিশাখা/ শাখা পরিদর্শন:  পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সকল শাখা/অধিশাখা/সেলের কর্মকর্তাদের শাখা পরিদর্শন।	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সকল শাখা/অধিশাখা/সেল-এর কর্মকর্তাদের আবশ্যিকভাবে সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী শাখা পরিদর্শন করতে হবে। উল্লেখ্য, পরিদর্শন প্রতিবেদনে শাখা/অধিশাখা/সেলে প্রাপ্ত মালামালের বিবরণ থাকতে হবে।	অতিরিক্ত সচিব (উন্নয়ন/ তথ্য ব্যবস্থাপনা)  ও যুগ্মসচিব (প্রশাসন)  পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
৯.	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অনিষ্পন্ন তালিকা:  অক্টোবর ২০২৩ মাসে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সকল অধিশাখা/শাখায় প্রাপ্ত পত্রের সংখ্যা মোট ৭৫৮টি; নিষ্পত্তি হয়েছে ৭৫৮টি। এছাড়া অধিশাখা/শাখা/সেলসমূহের আওতাভুক্ত মাসিক অনিষ্পন্ন কার্যক্রমের তালিকা সংশ্লিষ্ট মাসের শেষ কর্মদিবসে এ বিভাগের সমন্বয় ও সংস্কার শাখায় প্রেরণ বিষয়ক আলোচনা।	প্রত্যেক অধিশাখা/শাখা/সেল-এ প্রাপ্ত পত্রসমূহ এবং সংশ্লিষ্ট অধিশাখা/শাখা/সেলসমূহের আওতাভুক্ত মাসিক অনিষ্পন্ন কার্যক্রমের তালিকা দুই ভাগে অর্থাৎ এ বিভাগের নিজস্ব অনিষ্পন্ন নথিপত্র এবং বিবিএস-এর নিকট এ বিভাগ হতে প্রেরিত অনিষ্পন্ন পত্রের চাহিত তথ্যের বিবরণ সংশ্লিষ্ট মাসের শেষ কর্মদিবসে আবশ্যিকভাবে এ বিভাগের সমন্বয় ও সংস্কার অধিশাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে।	সকল অধিশাখা/শাখা/সেল- এর কর্মকর্তা  পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

২। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা শেষ করেন।

  
২৩/১০/২৩

ড. শাহনাজ আরেফিন এনডিসি  
সচিব  
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ